দৈনিক ইত্তেফাক

৮৪

তারিখ ...29 AUG 1998 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ ......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের হোমিওপ্যাথিক ইউনিটের বেহাল দশা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রায় একদশক পুরাতন ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের হোমিও-প্যাথিক ইউনিটটিতে এখন চরম বেহাল দশা চলিতেছে। গত বছর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এই প্রতিষ্ঠানটিকে ৩ লক্ষ ১৪ হাজার টাকার অনুদান দিলেও তাহা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তহীনতার কারণে ব্যয় না করিয়া ফেরত পাঠান হইয়াছে। চলতি বছর পুনরায় এই হোমিও ইউনিটের ডাক্তার কর্মচারীদের বেতন ও ঔষধপত্র ক্রয় বাবদ সমপরিমাণ টাকার অনুদান মিলিলেও তাহা পুনরায় ফেরত যাবার আশংকা দেখা দিয়াছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই

( ১০ পৃঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

প্রতিষ্ঠানটির সহিত বিমাতাসুলভ আচরণ করিতেছে বলিয়া অভিযোগ রহিয়াছে। অবিশ্বাস্য হইলেও সত্য যে, এই প্রতিষ্ঠানে প্রতিষ্ঠা লগ্ন হইতে ৭জন ডাক্তার এই অবধি বিনা পয়সায় কাজ করিতেছেন। এই ডাক্তারদের যোগ্যতা প্রমাণিত হওয়া সত্ত্বেও তাহাদের আজও আত্মীকরণ করা হয় নাই।